bdnews24.com

# উরি র‍্যাঙ্কিংয়ে উত্তরা ইউনিভার্সিটি

*বৈশ্বিক গবেষণা সংস্থা ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিং ফর ইনোভেশন সোমবার নতুন এই র‍্যাঙ্কিং প্রকাশ করেছে।*

নিজস্ব প্রতিবেদক
বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published : 11 Jun 2024, 06:49 PM

Source: bdnews24.com




ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ফর ইনোভেশন ২০২৪- এ বিশ্বের শীর্ষ ৩০০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় এসেছে উত্তরা ইউনিভার্সিটি।

মঙ্গলবার উত্তরা ইউনিভার্সিটি এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, সম্প্রতি প্রকাশিত রিপোর্ট অনুযায়ী ৩টি ক্যাটাগরিতে রয়েছে বিশ্ববিদ্যালয়টির অবস্থান।

বিশ্বের শীর্ষ ১০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্টুডেন্ট সাপোর্ট অ্যান্ড এনগেজমেন্টে ওয়ার্ল্ড র‍্যাঙ্কিংয়ে দ্বাদশ অবস্থানে রয়েছে বাংলাদেশের বেসরকারি এই বিশ্ববিদ্যালয়।

আর সাপোর্ট ফর গ্লোবাল রেজিলেন্স ক্যাটাগরিতে শীর্ষ ১০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১৭তম অবস্থানে রয়েছে উত্তরা ইউনিভার্সিটি।

ইনফ্রাস্ট্রাকচার ও টেকনোলজি ক্যাটাগরিতে শীর্ষ ১০০ বিশ্ববিদ্যালয়ের ২২তম অবস্থানে রয়েছে বিশ্ববিদ্যালয়টি। এই ক্যাটাগরিতে বাংলাদেশের মোট ৭টি বিশ্ববিদ্যালয় জায়গা পেয়েছে।

এই অর্জনে উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ইয়াসমীন আরা লেখা ও উপ-উপাচার্য অধ্যাপক গৌর গোবিন্দ গোস্বামী বিশ্ববিদ্যালয়ের সবাইকে অভিনন্দন জানিয়েছেন।

ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ফর ইনোভেশন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের প্রকৃত অবদান মূল্যায়ন করে উদ্ভাবনী শিক্ষা, গবেষণা এবং সমাজের সাথে জড়িত থাকার বিষয়টি তুলে ধরে।

২০২৪ সালে ১৩টি ক্যাটাগরিতে র‍্যাঙ্কিং করা হয়েছে, যা সামাজিক অগ্রগতিতে শিক্ষা প্রতিষ্ঠানের সৃজনশীল অবদান পরিমাপ করে।

বৈশ্বিক গবেষণা সংস্থা ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিং ফর ইনোভেশন সোমবার নতুন এই র‍্যাঙ্কিং প্রকাশ করেছে।